# বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস আইন, ২০০৯

( ২০০৯ সনের ৩০ নং আইন )

**জাতীয় নিরাপত্তা, যুদ্ধ কৌশল এবং চিকিৎসা, প্রকৌশল ও প্রযুক্তিসহ উচ্চশিক্ষার বিভিন্ন ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে উচ্চ শিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞান চর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের নিমিত্ত সশস্ত্র বাহিনীর শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সমন্বয়ে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনকল্পে প্রণীত আইন।**

যেহেতু জাতীয় নিরাপত্তা, যুদ্ধ কৌশল এবং চিকিৎসা, প্রকৌশল ও প্রযুক্তিসহ উচ্চশিক্ষার বিভিন্ন ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে উচ্চ শিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞান চর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের নিমিত্ত সশস্ত্র বাহিনীর শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সমন্বয়ে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১।(১) এই আইন বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ২২ জ্যৈষ্ঠ, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ৫ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(১) **"অধিভুক্ত কলেজ, ইনস্টিটিউট, একাডেমি বা প্রতিষ্ঠান"** অর্থ এই আইন সংবিধি এবং বিশ্ববিদ্যালয় বিধি অনুযায়ী, বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত ও অধিভুক্ত, বাংলাদেশ সশস্ত্র বাহিনীর পরিচালনাধীন স্নাতক, স্নাতক-সম্মান ও স্নাতকোত্তর ডিগ্রী পর্যায়ের কোন কলেজ, ইনস্টিটিউট, একাডেমি বা প্রতিষ্ঠান;

(২) " **অংগীভূত কলেজ, ইনস্টিটিউট, একাডেমি বা প্রতিষ্ঠান**" অর্থ এই আইন, সংবিধি এবং বিশ্ববিদ্যালয় বিধি অনুযায়ী, বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত ও অংগীভূত, বাংলাদেশ সশস্ত্র বাহিনীর পরিচালনাধীন কোন কলেজ, ইনস্টিটিউট, একাডেমি বা প্রতিষ্ঠান;

(৩) **"অনুষদ"** অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুষদ;

(৪) **"অর্থ কমিটি"** অর্থ বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি;

(৫) **"ইনস্টিটিউট"** অর্থ বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত বা স্থাপিত কোন ইনস্টিটিউট, একাডেমি বা প্রতিষ্ঠান;

(৬) **"একাডেমিক কাউন্সিল"** অর্থ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল;

(৭) **"কর্তৃপক্ষ"** অর্থ ধারা ২০ এর অধীন বিশ্ববিদ্যালয়ের কোন কর্তৃপক্ষ;

(৮) **"কমিটি"** অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন কমিটি;

(৯) **"কর্মকর্তা"** অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন কর্মকর্তা;

(১০) **"কর্মচারী"** অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন কর্মচারী;

(১১) **"চ্যান্সেলর"** অর্থ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর;

(১২) **"ছাত্র"** অর্থ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত কোন ছাত্র বা ছাত্রী;

(১৩) **"ট্রেজারার"** অর্থ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার;

(১৪) **"ডীন"** অর্থ ধারা ১৬ তে বর্ণিত ডীন;

(১৫) **"নির্ধারিত"** অর্থ সংবিধি, বিশ্ববিদ্যালয় বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত;

(১৬) **"প্রভোস্ট"** অর্থ কোন হলের প্রধান;

(১৭) **"পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি"** অর্থ বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি;

(১৮) **"পরীক্ষা নিয়ন্ত্রক"** অর্থ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক;

(১৯) **"প্রফেশনালস্"** অর্থ দেশের বিভিন্ন সেক্টর যেমন, প্রযুক্তি, নিরাপত্তা, যুদ্ধ কৌশল, চিকিৎসা বিজ্ঞান, ব্যবস্থাপনা, ব্যবসা সাধারণ শিক্ষা, ইত্যাদি বিষয়ে শিক্ষা গ্রহনে ইচ্ছুক কোন ব্যক্তি বা ছাত্র যিনি বর্তমানে চাকুরীরত আছেন বা ভবিষ্যতে চাকুরীরত হইবেন;

(২০) **"প্রো-ভাইস চ্যান্সেলর"** অর্থ বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর;

(২১) **"বিভাগ"** অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগ;

(২২) **"বিভাগীয় প্রধান"** অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের প্রধান;

(২৩) **"বিশ্ববিদ্যালয়"** অর্থ ধারা ৩ এর অধীন স্থাপিত বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস;

(২৪) **"বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন"** অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P. O. No10 of 1973) এর অধীন গঠিত University Grants Commission of Bangladesh;

(২৫) **"বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আদেশ"** অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P. O. No 10 of 1973);

(২৬) **"রেজিস্ট্রার"** অর্থ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;

(২৭) **"ভাইস-চ্যান্সেলর"** অর্থ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর;

(২৮) **"শিক্ষক বা প্রশিক্ষক"** অর্থ বিশ্ববিদ্যালয়ের সামরিক বা বেসামরিক অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক বা প্রভাষক বা বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক বা প্রশিক্ষক হিসাবে স্বীকৃত কোন ব্যক্তি;

(২৯) **"সিন্ডিকেট"** অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;

(৩০) **"সংবিধি"**, **"বিশ্ববিদ্যালয় বিধি"** বা **""প্রবিধান"** অর্থ যথাক্রমে এই আইনের অধীন প্রণীত সংবিধি, বিশ্ববিদ্যালয় বিধি বা প্রবিধান;

(৩১) **"সংস্থা"** অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন সংস্থা;

(৩২) **"হল"** অর্থ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সংঘবদ্ধ জীবন এবং সহশিক্ষাক্রমিক শিক্ষাদানের জন্য বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণাধীন ছাত্রাবাস।

**বিশ্ববিদ্যালয়**

৩। (১) এই আইনের বিধান অনুযায়ী ঢাকার মিরপুর সেনানিবাসে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (Bangladesh University of Professionals) নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হইবে।

(২) বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস-চ্যান্সেলর, ট্রেজারার, সিনেট, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের সদস্যগণ সমন্বয়ে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (Bangladesh University of Professionals) নামে একটি সংবিধিবদ্ধ সংস্থা গঠিত হইবে।

(৩) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধান সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উক্ত নামে বিশ্ববিদ্যালয়ের পক্ষে বা বিপক্ষে মামলা দায়ের করা যাইবে।

**অধিভুক্ত এবং অংগীভূত কলেজ, ইনস্টিটিউট, একাডেমি বা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা ইত্যাদি**

৪। (১) অধিভুক্ত এবং অংগীভূত কলেজ, ইনস্টিটিউট, একাডেমি ও প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম সরেজমিনে তদারকীকরণ, নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা, উন্নয়ন, ইত্যাদি সংক্রান্ত বিষয়াদি বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রনাধীনে পরিচালিত হইবে।

(২) বাংলাদেশ সশস্ত্র বাহিনীর পরিচালনাধীন নিম্নবর্ণিত কলেজ, ইনস্টিটিউট ও একাডেমিসমূহ বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ, ইনস্টিটিউট ও একাডেমি হইবে, যথাঃ-

(ক) ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি);

(খ) ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড সটাফ কলেজ (ডিএসসিএসসি);

(গ) মিলিটারী ইনসটিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি);

(ঘ) আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (এএফএমসি);

(ঙ) আর্মড ফোর্সেস ইনস্টিটিউট অব প্যাথলজি (এএফআইপি);

(চ) আর্মড ফোর্সেস মেডিক্যাল ইনস্টিটিউট (এএফএমআই);

(ছ) বাংলাদেশ মিলিটারী একাডেমী (বিএমএ);

(জ) বাংলাদেশ নেভাল একাডেমী (বিএনএ);

(ঝ) বাংলাদেশ এয়ার ফোর্স একাডেমী (বিএএফএ);

(ঞ) সরকার কর্তৃক, সময় সময়, স্বীকৃত বা অনুমোদিত, অন্য কোন কলেজ, ইনস্টিটিউট, একাডেমী বা প্রতিষ্ঠান।

(৩) এই ধারায় উল্লিখিত বিষয়াদি সম্পর্কিত বিধান সংবিধি দ্বারা নির্ধারিত হইবে।

**বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা**

৫। এই আইন এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আদেশের বিধান সাপেক্ষে, বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত ক্ষমতা থাকিবে, যথাঃ-

(ক) অধিভুক্ত ও অংগীভূত কলেজ, ইনস্টিটিউট, একাডেমি ও প্রতিষ্ঠানসমূহের একাডেমিক কার্যক্রম ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণের জন্য রেগুলেটরী বডি হিসাবে কাজ করা;

(খ) প্রকৌশল, প্রযুক্তি, যুদ্ধ কৌশল নিরাপত্তা, চিকিৎসা, ব্যবসায় প্রশাসন, ইত্যাদি বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাদান, গবেষণা, জ্ঞানের উৎকর্ষ সাধন ও জ্ঞান বিতরণের ব্যবস্থা করা;

(গ) বিভাগ ও ইনস্টিটিউটে শিক্ষাদানের পাঠ্যক্রম নির্ধারণ করা;

(ঘ) বিভাগ, অনুষদ ও ইনস্টিটিউটের মধ্যে সমন্বয় সাধন করা;

(ঙ) বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত পাঠ্যক্রম অধ্যয়ন সম্পূর্ণ করিয়াছেন এবং সংবিধির শর্তানুযায়ী গবেষণার কাজ সম্পূর্ণ করিয়াছেন এমন ব্যক্তির পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন করা এবং ডিগ্রী ও অন্যান্য একাডেমিক সম্মান প্রদান করা;

(চ) সংবিধিতে বিধৃত পদ্ধতিতে সম্মানসূচক ডিগ্রী বা অন্য কোন সম্মান প্রদান করা;

(ছ) অনুষদ, বিভাগ বা ইনসটিটিউটের ছাত্র নহেন এমন ব্যক্তিদেরকে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সার্টিফিকেট, ডিপ্লোমা প্রদানের উদ্দেশ্যে বক্তৃতামালার আয়োজন ও শিক্ষার ব্যবস্থা করা এবং সংবিধির শর্ত অনুযায়ী ডিপ্লোমা, সার্টিফিকেট বা সম্মাননা প্রদান করা;

(জ) বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনে তদ্‌কর্তৃক নির্ধারিত পন্থায় দেশে বা বিদেশে অন্যান্য বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত সহযোগিতা ও যৌথ গবেষণা কর্মসূচী গ্রহণ করা;

(ঝ) বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও সরকার কর্তৃক নির্ধারিত শর্ত ও বাজেট বরাদ্দ সাপেক্ষে, অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক, সুপারনিউমারী অধ্যাপক ও এমেরিটাস অধ্যাপকের পদ এবং প্রয়োজনীয় অন্য কোন গবেষক ও শিক্ষকের পদসহ কর্মকর্তা ও কর্মচারীদের পদ সৃষ্টি করা এবং সংশ্লিষ্ট সিলেকশন কমিটি কর্তৃক সুপারিশকৃত ব্যক্তিগণকে সেই সকল পদে নিয়োগ প্রদান করা;

(ঞ) কলেজ, ইনস্টিটিউট, একাডেমি ও প্রতিষ্ঠানসমূহকে অধিভুক্ত বা অনধিভুক্ত করা;

(ট) বিশ্ববিদ্যালয় বা অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত পাঠ্য বিষয় প্রস্তাব করা;

(ঠ) মেধার স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে সংবিধি, বিশ্ববিদ্যালয় বিধি ও প্রবিধান অনুযায়ী ফেলোশীপ, পুরস্কার ও পদক প্রবর্তন ও বিতরণ করা;

(ড) শিক্ষা ও গবেষণার উন্নয়নের জন্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদনক্রমে, একাডেমিক জাদুঘর, পরীক্ষাগার, কর্মশিবির, বিভাগ, অনুষদ এবং ইনস্টিটিউট স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা;

(ঢ) বিশ্ববিদ্যালয় বিধি দ্বারা নির্ধারিত ফিস দাবী ও আদায় করা;

(ণ) বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সম্প্রসারণ ও উন্নয়নের জন্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও সরকারের অনুমতিক্রমে, কোন দেশী বা বিদেশী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন অনুদান, চাঁদা বা বৃত্তি গ্রহণ করা এবং ট্রাস্ট ইত্যাদি গঠন করা;

(ত) বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য অর্জনের জন্য কোন চুক্তিতে আবদ্ধ হওয়া, চুক্তি বাস্তবায়ন করা, চুক্তির শর্ত পরিবর্তন করা অথবা চুক্তি বাতিল করা;

(থ) শিক্ষা ও গবেষণার উন্নতি ও অগ্রগতির জন্য পুস্তক ও জার্নাল প্রকাশ করা;

(দ) বিশ্ববিদ্যালয়ের অভীষ্ট লক্ষ্য অর্জন ও বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় অন্যান্য কাজকর্ম সম্পাদন করা।

**জাতি-ধর্ম নির্বিশেষে সকলের জন্য**

৬। যে কোন জাতি, ধর্ম, বর্ণ, গোত্র এবং শ্রেণীর ব্যক্তির জন্য বিশ্ববিদ্যালয় উন্মুক্ত থাকিবে এবং জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, জন্মস্থান বা শ্রেণীর কারণে কাহারও প্রতি কোন বৈষম্য করা যাইবে না।